



বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন

বিএফডিসি ভবন, ২৩-২৪, কাওরান বাজার, তেজগাঁও, ঢাকা-১২১৫।

ফোনঃ ৯১৪০৮০১, ৯১৪০৮০৬, ৯১৪৪৪০৫, ৯১৪৩৪৯৪ ফ্যাক্স: ৫৫০১১৮৫৩

ওয়েব সাইট: www.bfdc.gov.bd ই-মেইল: bfdc_64@yahoo.com

পত্র নং: ৩৩.০৩.০০০০.১০১.১৩.০০২.১৪.৬৭২ (৩)

তারিখঃ ১৪/১১/২০১৯ খ্রিঃ।

বিষয়ঃ ০৩/২০১৯ নং বোর্ড সভার সিদ্ধান্ত বাস্তবায়ন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ০৪/১১/২০১৯ খ্রি: তারিখে অনুষ্ঠিত অত্র কর্পোরেশনের ০৩/২০১৯ নং বোর্ড সভায় কর্পোরেশনের কাপ্তাই হ্রদ হতে আহরিত মাছের শুল্ক হার (১ জুলাই ২০১৯ - ৩০ জুন ২০২২) পুনঃনির্ধারণ বিষয়ে নিম্নোক্ত সিদ্ধান্ত হয়ঃ

কাপ্তাই হ্রদ হতে আহরিত মাছের শুল্ক হার (১ জুলাই ২০১৯ - ৩০ জুন ২০২২) নিম্নোক্তভাবে অনুমোদন করা হয়:

(ক) কাঁচা মাছঃ

মাছের গ্রুপ	মাছের প্রজাতি	টাকা/কেজি পুনঃনির্ধারিত শুল্ক হার (১ জুলাই ২০১৯ - ৩০ জুন ২০২২)
০১ নং গ্রুপ	ক. রুই/কাতল/মুগেল/ চিতল/মহাশোল (০৩ কেজির উপরে)	৪০.০০
	খ. রুই/কাতল/মুগেল/চিতল/মহাশোল (১-৩ কেজি)	৩৮.০০
	গ. রুই/কাতল/মুগেল/চিতল/মহাশোল (০১ কেজির নিচে)	২৫.০০
০২ নং গ্রুপ	ক. কাজরী/সরপুটি/তেলাপিয়া/সিলভারকাপ/ বিগহেড/ঘাসকাপ/বোয়াল/ ঘনিয়া/নাইলোটিকা/ বাশপাতা /বাতাসি	২৭.০০
	খ. কৈ/শিং/মাগুর/সাদা টেংরা/বাঁচা/কালি বাউস/১/২ কেজির উপরে আইডু	৩৫.০০
০৩ নং গ্রুপ	চাপিলা/কাটা মইল্লা/কেচকি/কাকিলা/গুড়া মইল্লা/গুড়া বেলে/চাঁদা/ কুঁচু চিংড়ি	১৭.৫০
০৪ নং গ্রুপ	ফলি/শোল/গজার/বাইম/টাকি/১/২ কেজির নিচে আইডু/কালো টেংরা/বাটা	২৫.০০

(খ) শুকনা মাছঃ

মাছের গ্রুপ	মাছের প্রজাতি	টাকা/কেজি পুনঃনির্ধারিত শুল্ক হার (১ জুলাই ২০১৯ - ৩০ জুন ২০২২)
১।	চাপিলা/কেচকি/পুটি/কাঁচা মইল্লা	৫৫.০০
২।	কুঁচু চিংড়ি/ ঠুইটা/গুড়া মইল্লা	৫০.০০
৩।	সরপুটি/কাজরী/কাকিলা/বাশপাতা	৫৫.০০
৪।	তেলাপিয়া/সিলভারকাপ/ঘাসকাপ/বোয়াল/আইডু/কালিবাউস/ মনকাপ/ঘনিয়া/নাইলোটিকা/বাশপাতা/বাটা/ফলি/ টাকি/শোল/গজার	৭৫.০০
৫।	রুই/কাতল/মুগেল/মহাশোল/চিতল	১৩৮.০০
৬।	সকল প্রজাতির মাথা	৩০.০০

(গ) উক্ত শুল্ক হার ০১ জুলাই ২০১৯ থেকে কার্যকর হয়ে ৩০ জুন ২০২২ পর্যন্ত ০৩ (তিন) বছর বলবৎ থাকবে।

(ঘ) মৎস্য অবতরণ কেন্দ্রে মৎস্য ব্যবসায়ী/ মৎস্যজীবীদের বড় মাছ অবতরণে উৎসাহিত করার জন্য কাঁচা মাছের ক্ষেত্রে ১নং গ্রুপের ক, খ এবং গ তে উল্লিখিত মাছের শুল্কহার অপরিবর্তিত রাখা হয়।

(ঙ) ভবিষ্যতে কর্পোরেশনের কর্মকর্তা, স্থানীয় প্রশাসন ও মৎস্যজীবী/মৎস্য ব্যবসায়ীদের সম্মুখে একটি স্থায়ী কমিটির মাধ্যমে শুল্কহার নির্ধারণ করতে হবে।

বর্ণিত সিদ্ধান্তের আলোকে এ বিষয়ে পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মুহাম্মদ হারুন অর রশীদ)
সচিব।

বিতরণ:

১। পরিচালক (অর্থ), বামউক, ঢাকা।

২। ব্যবস্থাপক, বাস্তবায়ন-১ বিভাগ, বামউক, ঢাকা।

৩। পি এস টু চেয়ারম্যান, বামউক, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০১৮